গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৯৮/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ১৮ এপ্রিল ২০১৯, ৫ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্রুনাই যাচ্ছেন ২১ এপ্রিল রোববার
৩। প্রধানমন্ত্রীর সভাপতিত্বে আজ দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সভা
৪। ভোজ্যতেলের আমদানি কমাতে তৈলবীজ আবাদ বাড়াতে হবে : কৃষিমন্ত্রী
৫। আইন মেনেই বিদেশি চ্যানেল চালাতে হবে : তথ্যমন্ত্রী
৬। বাংলাদেশ নিরাপদ সুপেয় পানি সরবরাহে ৮৮ ভাগ কভারেজ অর্জন করেছে : এলজিআরডিমন্ত্রী
৭। বাংলাদেশ মার্কিন নাগরিকদের ভ্রমণ সতর্কতা নিয়ে শঙ্কিত হওয়ার কিছু নেই : পররাষ্ট্রমন্ত্রী
৮। চিকিৎসা পেশায় দায়িত্বশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ : স্বাস্থ্যমন্ত্রী
৯। পোশাক শ্রমিকদের সম্মানজনক মজুরির পাশাপাশি স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি জরুরি
সাসটেইনেবল এ্যাপারেল সামিটে বাণিজ্যমন্ত্রী
১০। ২৫ এপ্রিলের পর বিজিএমইএ ভবন ভাঙা হবে বলে জানালেন পূর্তমন্ত্রী
১১। অপ্রচলিত মৎস্যসম্পদকেও গুরুত্ব দেওয়ার আহ্বান জানালেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী
১২। প্রবীণদের মেধা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে সমৃদ্ধ দেশ গঠন করতে হবে : সমাজকল্যাণ প্রতিমন্ত্রী
১৩। সচেতনতা তৈরি করা ছাড়া অসংক্রামক ব্যাধি প্রতিরোধের উপায় নেই : স্বাস্থ্য প্রতিমন্ত্রী
১৪। মুজিবনগর দিবসে স্মারক ডাকটিকিট অবমুক্ত করলেন সজীব ওয়াজেদ জয়
১৫। শবেবরাত উপলক্ষে আগামী সোমবার সরকারি ছুটি
২২ এপ্রিল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বন্ধ

চলমান পাতা-২

১। **ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন**
**বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রেখে দেশকে এগিয়ে নেওয়ার অঙ্গীকারের মধ্য দিয়ে ১৭ এপ্রিল বুধবার রাজধানীসহ সারা দেশে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্য পরিবেশে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে। দেশের প্রথম সরকারের শপথ গ্রহণ ও স্বাধীনতার ঘোষণাপত্র পাঠের ৪৮বছর পূর্তি উপলক্ষে ঐতিহাসিক এ দিনটি স্মরণে রাজধানী ঢাকার পাশাপাশি স্মৃতিবিজড়িত মেহেরপুরের মুজিবনগরের বৈদ্যনাথতলার আম্রকাননেও জাতীয়ভাবে পালিত হয় নানা কর্মসূচি। দিবসটি উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা সভা, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, গার্ড অভ্ অনার প্রদান, কুচকাওয়াজ প্রদর্শনসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। দিবসটি পালনে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানাতে সর্বস্তরের জনতার ঢল নামে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ৭টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এরপর প্রধানমন্ত্রী সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। আওয়ামী লীগের সভানেত্রী হিসেবেও শেখ হাসিনা দলের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে নিয়ে দলের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আরেকবার পুষ্পস্তবক অর্পণ করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্রুনাই যাচ্ছেন ২১ এপ্রিল রোববার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্রুনাই দারুসসালামের সুলতান হাসান আল বলখিয়ার আমন্ত্রণে আগামী ২১ এপ্রিল রোববার ৩ দিনের সরকারি সফরে ব্রুনাই যাচ্ছেন। সফরে সমঝোতা স্মারক স্বাক্ষরের পাশাপাশি শেখ হাসিনা ব্রুনাইয়ের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানাবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট আগামী রোববার সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ব্রুনাইয়ের উদ্দেশে যাত্রা করবে। বিমানটি স্থানীয় সময় বেলা পৌনে ৩টায় ব্রুনাইয়ের রাজধানী বন্দরসেরি বেগাওয়ানে ব্রুনাই আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছবে। ব্রুনাইয়ের যুবরাজ হাজি আল-মাহতাদি বিল্লাহ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানাবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

৩। **প্রধানমন্ত্রীর সভাপতিত্বে আজ দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সভা**

প্রাকৃতিক দুর্যোগ, সাম্প্রতিক সময়ে সংঘটিত বিভিন্ন অগ্নিকান্ডের রিপোর্ট পর্যালোচনা এবং বিগত সময়ে এ সংক্রান্ত সরকারের বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আলোচনার লক্ষ্যে আজ ১৮ এপ্রিল বৃহস্পতিবার 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল'র সভা বসছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ের চামেলী সভাকক্ষে বেলা ১১টায় এ সভা অনুষ্ঠিত হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৪। **ভোজ্যতেলের আমদানি কমাতে তৈলবীজ আবাদ বাড়াতে হবে : কৃষিমন্ত্রী**

ভাজ্যতেলের আমদানি নির্ভরতা কমাতে কৃষি যান্ত্রিকীকরণের পাশাপাশি তৈলবীজ আবাদের এলাকা বৃদ্ধি করতে হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। তিনি বলেন, প্রতি বছর ১৩ থেকে ১৪ হাজার কোটি টাকার খাবার তেল আমদানি করতে হয়। ফলে বিপুল অংকের টাকা এ খাতে ব্যয় হচ্ছে। ১৭ এপ্রিল বুধবার রাজধানীর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) অডিটরিয়ামে কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়) প্রকল্পের জাতীয় কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮)।

**৫। আইন মেনেই বিদেশি চ্যানেল চালাতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, কেবল অপারেটরদের আইন মেনেই বিদেশি চ্যানেল চালাতে হবে। অবৈধ নেটওয়ার্কের মাধ্যমে বিজ্ঞাপন, সিনেমা, গান ইত্যাদি প্রচার করা যাবে না। এ বিষয়ে সব অপারেটরকে সতর্ক থাকতে হবে। লাইসেন্সের শর্তাবলি অনুসরণ করেই সম্প্রচার করতে হবে। ১৭ এপ্রিল বুধবার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ক্যাবল অপারেটরদের সঙ্গে বৈঠকে তিনি এ কথা বলেন। তথ্য মন্ত্রণালয়ের সচিব আবদুল মালেক এ সময় উপস্থিত ছিলেন। তথ্যমন্ত্রী বলেন, বিদেশি টেলিভিশন চ্যানেলে বাংলাদেশি বিজ্ঞাপন সম্প্রচার ও অন্যান্য অনুষ্ঠান বন্ধ করার জন্য সরকার সময়সীমা বেঁধে দিয়েছে। ঐ সময়সীমার পরে কোনো অপারেটর আইন লঙ্ঘন করলে আইনগত পদক্ষেপ নেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**৬। বাংলাদেশ নিরাপদ সুপেয় পানি সরবরাহে ৮৮ ভাগ কভারেজ অর্জন করেছে : এলজিআরডিমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বাংলাদেশ নিরাপদ সুপেয় পানি সরবরাহে ৮৮ ভাগ কভারেজ অর্জন করেছে। আমরা এখন নিরাপদ টেকসই পানিসম্পদ ব্যবস্থাপনা পদ্ধতির ওপর জোর চেষ্টা করছি এবং ভূ-উপরিভাগের পানি ব্যবহারে অগ্রাধিকার দিচ্ছি। ভূ-গর্ভস্থ পানি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি বিবেচনা করে ভূ-উপরিভাগের পানির ব্যবহার বৃদ্ধিতে বিভিন্ন নীতিমালা ও কর্মসূচি গ্রহণ করা হয়েছে। রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে ১৭ এপ্রিল বুধবার স্থানীয় সরকার বিভাগের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) আয়োজিত ‘বিশ্ব পানি দিবস-২০১৯’ এর সেমিনারে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য। বিশেষ অতিথির বক্তব্যে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী স্বপণ ভট্টাচার্য্য বলেন, দেশের প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিত করতে ইতোমধ্যে প্রায় ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয় নিরাপদ পানির ব্যবস্থাসহ ৩৮ হাজার ওয়াশ ব্লক স্থাপন করা হয়েছে। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫)।

**৭। বাংলাদেশে মার্কিন নাগরিকদের ভ্রমণ সতর্কতা নিয়ে শঙ্কিত হওয়ার কিছু নেই : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বাংলাদেশের আইন-শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্রের কোনো মাথাব্যথা নেই। এ ছাড়া বাংলাদেশে যুক্তরাষ্ট্রের নাগরিকদের ভ্রমণ সতর্কতা জারি নিয়ে শঙ্কিত হওয়ারও কিছু নেই। ফেসবুকে একটি পোস্ট দেখে তারা এ সতর্কতার নোটিশ দিয়েছে। তবে বাংলাদেশের অভূতপূর্ব অগ্রগতি দেখে দেশটির লোকজন এখন বাংলাদেশে বিনিয়োগ বাড়াতেই আগ্রহী। ১৭ এপ্রিল বুধবার সিলেটের দক্ষিণ সুরমায় তিন দিনব্যাপী টাটা গাড়ির গ্র্যান্ড মেলার উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**৮। চিকিৎসা পেশায় দায়িত্বশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, চিকিৎসা পেশায় দায়িত্বশীলতা ও নৈতিকতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। চিকিৎসক সমাজের ভাবমূর্তি আরও উজ্জ্বল করতে রোগীদের আন্তরিকতার সঙ্গে সেবা দিতে হবে। ১৭ এপ্রিল বুধবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশের আট বিভাগে একটি করে কিডনি এবং ক্যান্সার হাসপাতাল গড়ে তোলা হবে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের শয্যা পাঁচ হাজারে উন্নীত করা হবে। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬)।

**৯। পোশাক শ্রমিকদের সম্মানজনক মজুরির পাশাপাশি স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি জরুরি সাসটেইনেবল এ্যাপারেল সামিটে বাণিজ্যমন্ত্রী**

**রাজধানীর** স্থানীয় একটি হোটেলে আয়োজিত সাসটেইনেবল এ্যাপারেল সামিট ২০১৯ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, পোশাক শ্রমিকদের সম্মানজনক মজুরির পাশাপাশি তাদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টিও জরুরি। কারণ এ খাতে শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা না হলে এর স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হবে। যা আমাদের সামগ্রিক অর্জনকে প্রভাবিত করবে। তিনি বলেন, রানা প্লাজার ঘটনা দুর্ভাগ্যজনক হলেও এটা আমাদের জন্য সুদূরপ্রসারী কিছু ইতিবাচক কার্যক্রম গ্রহণের সুযোগ সৃষ্টি করেছে। এসএনভি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট অর্গানাইজেশন ও ডাচবাংলা চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিবিসিসিআই) যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.১৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

**১০। ২৫ এপ্রিলের পর বিজিএমইএ ভবন ভাঙা হবে বলে জানালেন পূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, রাজধানীর হাতিরঝিলের বিজিএমইএ ভবন ভাঙতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রাজউকই যথেষ্ট। দেশীয় এমন প্রযুক্তি রয়েছে যা ব্যবহার করলে এক ঘণ্টার মধ্যেই ভবনটি ভেঙে স্তুপ আকারে জায়গাতে বসে পড়বে। ঝুঁকিপূর্ণ নয় এমন আধুনিক প্রযুক্তিসম্পন্ন ও বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে পরিবেশসম্মত উপায়ে ২৫ এপ্রিলের পর যেকোনো সময় ভবনটি ভাঙা হবে। একইসঙ্গে ভবন ভাঙার জন্য কোনো উপযুক্ত প্রতিষ্ঠান না পাওয়া গেলে আধুনিক নির্মাণ প্রক্রিয়ায় রাজউককে দিয়েই ভাঙার বা বর্তমান স্থান থেকে উচ্ছেদ করার প্রক্রিয়া গ্রহণ করা হবে। ১৭ এপ্রিল বুধবার সচিবালয়ে নিজ কার্যালয়ে বিজিএমইএ ভবন ভাঙার সর্বশেষ প্রক্রিয়া সম্পর্কে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১১। অপ্রচলিত মৎস্যসম্পদকেও গুরুত্ব দেওয়ার আহ্বান জানালেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

মৎস্য খাত উন্নয়নে প্রচলিত মৎস্যসম্পদের পাশাপাশি অপ্রচলিত মৎস্যসম্পদকেও গুরুত্ব দিতে হবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান খসরু। তিনি বলেন, প্রচলিত মৎস্য সম্পদের পাশাপাশি আমাদের জলাশয়ে বাণিজ্যিক গুরুত্বসম্পন্ন প্রচুর অপ্রচলিত মৎস্যসম্পদ রয়েছে। অর্থনৈতিকভাবে গুরুত্বসম্পন্ন এসব অপ্রচলিত জলজসম্পদের উন্নয়ন ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। ১৭ এপ্রিল বুধবার রাজধানীর 'বাংলাদেশ উপকূলে সীউইড চাষ : সম্ভাবনা ও গবেষণা অগ্রগতি' শীর্ষক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এ কর্মশালার আয়োজন করে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.২)।

**১২। প্রবীণদের মেধা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে সমৃদ্ধ দেশ গঠন করতে হবে : সমাজকল্যাণ প্রতিমন্ত্রী**

সমাজকল্যাণ প্রতিমন্ত্রী শরীফ আহমেদ বলেছেন, প্রবীণ নাগরিকদের মেধা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে মহান মুক্তিযুদ্ধের চেতনায় একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন করতে হবে। প্রবীণ নাগরিকদের জন্য বিশেষ বরাদ্দ বাড়ানো হচ্ছে এবং সামাজিক নিরাপত্তার আওতায় প্রবীণদের কল্যাণে কর্মসূচি নেওয়া হচ্ছে। সরকার প্রবীণ নাগরিকদের পাশাপাশি প্রবীণ গণমাধ্যম কর্মীদের সম্মানী ভাতাসহ বিভিন্ন সুবিধা প্রদানের উদ্যোগ নেবে। ১৭ এপ্রিল বুধবার প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ (পিআইবি) এর সেমিনার হলে 'বাংলাদেশের প্রবীণ নাগরিক ও সাংবাদিক সমাজের বর্তমান চিত্র : আমাদের করণীয়' শীর্ষক' সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.৪), **সংবাদ** (পৃ.২,ক.৭)।

**১৩। সচেতনতা তৈরি করা ছাড়া অসংক্রামক ব্যাধি প্রতিরোধের উপায় নেই : স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

দেশে অসংক্রামক রোগে মৃত্যুর হার বেড়েছে। তামাক, অ্যালকোহল, অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, বায়ুদূষণ এবং কায়িক শ্রমের অভাবে দিন দিন বাড়ছে অসংক্রামক রোগে আক্রান্তের ঝুঁকি। ১৭ এপ্রিল বুধবার জাতীয় প্রেসক্লাবে স্বাস্থ্য অধিদফতরের এনসিডিসি প্রোগ্রাম এবং দৈনিক ভোরের কাগজ 'এনসিডি চ্যালেঞ্জ, হেলথ ইন অল পলিসি হোল সোসাইটি অ্যাপ্রোচ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান। অনুষ্ঠানে স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, সচেতনতা তৈরি করা ছাড়া অসংক্রামক ব্যাধি প্রতিরোধের উপায় নেই। পারিবারিক পর্যায় থেকে অসংক্রামক রোগ প্রতিরোধে সচেতনতার শিক্ষা শুরু করতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭)।

**১৪। মুজিবনগর দিবসে স্মারক ডাকটিকিট অবমুক্ত করলেন সজীব ওয়াজেদ জয়**

মুজিবনগর দিবস উপলক্ষে ১০ টাকা মূল্যমানের একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেছে ডাক অধিদপ্তর। এছাড়া ১০ টাকা মূল্যমানের একটি উদ্বোধনী খাম, পাঁচ টাকা মূল্যমানের একটি ডাটা প্রকাশ ও একটি বিশেষ সিলমোহর ব্যবহার করা হয়েছে। প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় ১৭ এপ্রিল বুধবার সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মেলন কক্ষে এ স্মারক ডাকটিকিট অবমুক্ত করেন। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার এ সময় উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪)।

**১৫। শবেবরাত উপলক্ষে আগামী সোমবার সরকারি ছুটি**
**২২ এপ্রিল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বন্ধ**

শবেবরাত উপলক্ষে ২১ এপ্রিল রোববারের পরিবর্তে ২২ এপ্রিল সোমবার ছুটি ঘোষণা করেছে সরকার। ১৭ এপ্রিল বুধবার আগামী ২২ এপ্রিল সরকারি ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হয়। পবিত্র শব-ই বরাত উপলক্ষে ২২ এপ্রিল সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ছুটি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। ১৭ এপ্রিল বুধবার বাংলাদেশ ব্যাংক এ বিষয়ে দুটি প্রজ্ঞাপন জারি করে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার কাছে পাঠিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **যায়যায়দিন :** সুষ্ঠু তদন্ত ও বিচারের স্বার্থে নির্যাতনের শিকার নারী ও শিশুদের জবানবন্দি নেওয়ার দায়িত্ব নারী ম্যাজিস্ট্রেটকে দিয়েছেন সুপ্রিম কোর্ট উল্লেখ করে নির্দেশনাটি যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল :** আয় কমে যাওয়াসহ বিভিন্ন কারণে হস্তচালিত তাঁতশিল্প ছেড়ে যাচ্ছেন এ শিল্পের শ্রমিক ও উদ্যোক্তারা উল্লেখ করে তাঁতশিল্পের সংকট নিরসন করলে শুধু তাঁতশিল্পীদের জীবন জীবিকাই রক্ষা পাবেনা, অর্থনৈতিক ক্ষেত্রেও পড়বে ইতিবাচক প্রভাব বলে মতপ্রকাশ।

গ. **যুগান্তর :** নিয়ম না মেনে পর্যটন করপোরেশনের জনবল কাঠামোয় ৩ শতাধিক নতুন পদ সৃষ্টি এবং এসব পদে নিয়োগ ও পদোন্নতির বিষয়টি উদ্বেগজনক উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ** : জাতিসংঘের জনসংখ্যা তহবিল প্রকাশিত বিশ্ব জনসংখ্যা রির্পোট ২০১৯ অনুযায়ী ২০০৬ থেকে ২০১৭ সাল পর্যন্ত বাংলাদেশে যত বিয়ে হয়েছে তার ৫৯ শতাংশ ক্ষেত্রেই কনের বয়স ছিল ১৮ বছরের কম উল্লেখ করে বাল্যবিয়ে রোধে সামাজিক সচেতনতার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইত্তেফাক, ফিনানশিয়াল এক্সপ্রেস :** বাংলাদেশে প্রায় ছয় কোটি মানুষ আয়োডিন স্বল্পতার শিকার গবেষকদের এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে আয়োডিনের স্বল্পতাজনিত স্বাস্থ্যঝুঁকি বিবেচনার নিয়ে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** ফ্ল্যাট ক্রয়ের পর রেজিস্ট্রেশন ফি ১৪ থেকে ১৬ শতাংশ হারে প্রদান করতে হয় উল্লেখ করে এ উচ্চমূল্যের ফি কমানোর ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুস্বাস্থ্যর জন্য পরিবারের সব সদস্যদের লাইফস্টাইল পরিবর্তন ও স্বাস্থ্যসম্মত খাদ্যাভাস গড়ে তুলতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'দুর্নীতির কারণে আয় বৈষম্য বাড়ছে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ধনী-দরিদ্রের ব্যবধান কমাতে হলে সবার আগে দুর্নীতির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

#

মরজিনা/সাঈদা/রশীদ/ মাসুম/২০১৮/৯.০০ঘন্টা